Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নং-রিক/কেন্দ্রীয়/পরি./ঋণ কার্যক্রম/২০২৬/৮৯৯ তারিখ: ১৫/১০/২০২৬ ইং

প্রতি
তালিকায় উল্লেখিত জেলাসমূহের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
ঋণ কার্যক্রম বিভাগ
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয়: মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬ চলাকালীন (০৮ অক্টোবর, ২০২৬-২৯ অক্টোবর, ২০২৬) ঋণগ্রহীতা জেলেদের নিকট থেকে কিস্তি আদায় স্থগিতকরণ সংক্রান্ত এমআরএ-এর নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

শুভেচ্ছা নিবেন।
এই পত্রের সাথে সংযুক্ত এমআরএ-এর নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেওয়া হলো।

নির্দেশক্রমে

আফরোজা পারভীন
পরিচালক ও প্রধান ঋণ কর্মকর্তা, রিক

অনুলিপিঃ
১. নির্বাহী পরিচালক, রিক;
২. উপ ও সহকারী পরিচালক এবং বিভাগীয় ও সেল প্রধান (সকল);
৩. অফিস কপি।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এমআরএ ভবন, প্লট নং-এফ-১৪(ডি/১)
আগারগাঁও, শেরে বাংলা নগর (প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৩.০৪.০০০০.০০০.০২১.৯৯.০০১৪.২৬.২০২৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ / ১৩ অক্টোবর ২০২৬

প্রধান নির্বাহী কর্মকর্তা
সংশ্লিষ্ট জেলায় কার্যরত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

বিষয়: মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬ চলাকালীন (০৮ অক্টোবর, ২০২৬ -২৯ অক্টোবর, ২০২৬) ঋণগ্রহীতা জেলেদের নিকট থেকে কিস্তি আদায় স্থগিতকরণ।

সূত্র: ১) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর পত্র: ৫৩.০০.০০০০.০০০.৪১২.৯৯.০০০৩.২৪.৩৭১, তারিখ ১২ অক্টোবর ২০২৬;
২) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং- ৩৩.০০.০০০০.১২৭.০৬.০১৪.২৩.৩৩৬, তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২৬;
৩) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং ৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮.৩২৩, তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০২৬।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ বন্ধের লক্ষ্যে **০৮ অক্টোবর, ২০২৬ - ২৯ অক্টোবর, ২০২৬** পর্যন্ত 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬' বাস্তবায়নের জন্য সরকার কর্তৃক কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ কার্যক্রমের আওতায় সমগ্র বাংলাদেশের মোট ৩৮টি জেলা অন্তর্ভুক্ত করা হয়েছে। আলোচ্য বিষয়ে বর্ণিত ২২দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুম নির্ধারণপূর্বক উক্ত সময়কালে সংশ্লিষ্ট জেলাসমূহে নিম্নবর্ণিত কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে:

(ক) চাঁদপুর, লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, শরীয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, রাজবাড়ী, ঢাকা, মুন্সীগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার নদ-নদী, মোহনা ও সাগরে ইলিশসহ সকল প্রকার মৎস্য আহরণ;

(খ) খুলনা, গোপালগঞ্জ, কুষ্টিয়া, নড়াইল, নারায়ণগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, নাটোর, পাবনা ও কুড়িগ্রাম জেলার নদ-নদীতে ইলিশ মাছ আহরণ;

(গ) সারাদেশে ইলিশ মাছ পরিবহন, মজুদকরণ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময়।

এমতাবস্থায়, মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬ চলাকালীন (**০৮ অক্টোবর, ২০২৬ - ২৯ অক্টোবর, ২০২৬**) অথরিটির সনদপ্রাপ্ত ও সাময়িক অনুমোদনপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে জেলে বা মৎস্যজীবী ঋণগ্রহীতাদের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করার জন্য অনুরোধ করা হলো:-

(১) বর্ণিত সময়কালে উল্লিখিত জেলাসমূহের জেলে বা মৎস্যজীবী গ্রাহক স্বেচ্ছায় কিস্তির টাকা জমা দিলে তা গ্রহণ করা যাবে। তবে ঋণের কিস্তি আদায়ে জোর খাটানো বা বাধ্য করা যাবে না;

(২) নিষেধাজ্ঞার সময়কালকে গ্রেস পিরিয়ড হিসেবে গণ্য করে সংশ্লিষ্ট গ্রাহকের ঋণের প্যাকেজ প্রস্তুত বা রিসিডিউল করা যাবে; এবং

(৩) উক্ত সময়কালে সংশ্লিষ্ট গ্রাহক সঞ্চয়ের টাকা উত্তোলন করতে চাইলে তা দ্রুত প্রদান করতে হবে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ ফরিদুল হক)
যুগ্মপরিচালক
পলিসি এন্ড লিগ্যাল শাখা
ফোন: ০২২২৩৩৭৪৮৭৯
ইমেইল: forid.mra@gmail.com

চলমান পাতা-২



অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুযায়ী নয়):

(১) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রনালয়;
(২) জেলা প্রশাসক, (সংশ্লিষ্ট ৩৮টি জেলা);
(৩) অফিস কপি।

(সুচিতা নাসরিন জান্নাত)
উপপরিচালক